



স্বাস্থ্য ও প্রজনন ন্যায়বিচার


নিউ ইয়র্ক সিটি লিঙ্গ সমতা কমিশন কী?

[নিউ ইয়র্ক সিটি লিঙ্গ সমতা কমিশন](#) (Commission on Gender Equity, CGE), মেয়রের সমতা এবং জাতিগত ন্যায়বিচার কার্যালয়ের (Mayor's Office of Equity & Racial Justice) অধীন সিটি সরকারের একটি সংস্থা যা লিঙ্গ-সমতাভিত্তিক নীতি ও অনুশীলন তৈরি ও প্রাতিষ্ঠানিকীকরণের উদ্দেশ্য নিয়ে কাজ করে এবং যা মেয়ে, মহিলা, আন্তঃলিঙ্গ, ট্রান্সজেন্ডার ও প্রথাগত লিঙ্গ পরিচয়ের বাইরে থাকা (gender expansive) ব্যক্তিদেরকে বাড়িতে, স্কুলে, কর্মক্ষেত্রে এবং জন পরিসরে সহায়তা করে। CGE তার উদ্দেশ্য সম্পন্ন করতে মূলত তিনটি বিষয়ের উপর দৃষ্টি নিবদ্ধ রাখে - অর্থনৈতিক গতিশীলতা এবং সুযোগের জন্য অনুকূল পরিবেশ তৈরি করা, স্বাস্থ্য ও প্রজনন ন্যায়বিচারকে এগিয়ে নেওয়া এবং নিরাপদ জন পরিসর, বাড়ি ও কর্মক্ষেত্র তৈরি করা।

স্বাস্থ্য ও প্রজনন ন্যায়বিচার কী?

স্বাস্থ্য হলো শারীরিক, মানসিক এবং সামাজিক সুস্থতার সম্মিলিত একটি অবস্থা। চিকিৎসা সেবা, প্রতিরোধমূলক চিকিৎসা, জরুরি পরিষেবা এবং তথ্য প্রাপ্তির সুবিধার মাধ্যমে ব্যক্তি, পরিবার এবং সম্প্রদায়গুলি তাদের আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে স্বাস্থ্যকর জীবনযাপন করতে পারে।

প্রজনন ন্যায়বিচার হলো জনগণের তাদের নিজের শরীর সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারার নিয়ন্ত্রণ এবং ক্ষমতা। এর মধ্যে রয়েছে সন্তান নেওয়া বা না-নেওয়া, লিঙ্গ-নিশ্চিতকরণ সেবা নেওয়া, তথ্য পাওয়া ও সহায়তা নেওয়া এবং শ্রেণি, জাতি ও লিঙ্গ নির্বিশেষে নিরাপদ পরিবেশে থাকা। 1994 সালে অশেতাঙ্গ নারীদের একটি গ্রুপ ধারণাটি তৈরি করেছিল।



CGE-র স্বাস্থ্য এবং প্রজনন ন্যায়বিচার বিষয়টি মোকাবিলা করার অন্যতম উপায়

মাসিকের সময় ব্যবহার্য পণ্য প্রাপ্তির ক্ষেত্রে সমতা বিধান কর্মদল (নেতৃত্ব) (MENSTRUAL EQUITY WORKGROUP “LEAD”)

এই কর্মদল সংশোধন কেন্দ্রগুলিতে, আশ্রয়কেন্দ্র এবং সরকারি ও চার্টার স্কুলগুলিতে বিনামূল্যে মাসিকের পণ্য সরবরাহে শহরের অগ্রগতি এবং কার্যকারিতা মূল্যায়ন করে। কর্মদলটি দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে মাসিকের সময় ব্যবহার্য পণ্য প্রাপ্তির সমস্যা ও অসমতা বিষয়ে গবেষণা এবং মাসিকের পণ্য প্রাপ্তির সমতার জন্য শহরব্যাপী একটি কৌশল তৈরি ও বাস্তবায়ন করতে চায়।

- CGE, নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলগুলির সাথে অংশীদারিত্বে, [2024 সালের স্থানীয় আইন 11](#) অনুসারে স্কুলে শিক্ষার্থীদের বিনামূল্যে মাসিকের সময় ব্যবহার্য পণ্যগুলির অধিকার সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করে এমন শিক্ষামূলক উপকরণ তৈরি করছে।
- 2016 সাল থেকে, CGE এই বিষয়ে জনসাধারণের সমক্ষে সাক্ষ্য দেওয়ার জন্য নিউ ইয়র্ক সিটি পরিষদের সামনে হাজির হয়েছে এবং মাসিকের সময় ব্যবহার্য পণ্য প্রাপ্তির বৈষম্য দূর করতে সিটি সরকারের সকল পর্যায়ে সহযোগিতা অব্যাহত রেখেছে।



সিটি সরকারের তথ্য ও যোগাযোগ: স্বাস্থ্য ও প্রজনন ন্যায্যবিচার

স্বাস্থ্য বিমা



- স্বাস্থ্য বিমা, GetCoveredNYC: nyc.gov/GetCoveredNYC
- Health + Hospitals NYC Care – বৈধ কাগজপত্রবিহীন এবং বিমার আওতায় নেই এমন নিউ ইয়র্ক সিটি বাসিন্দাদের জন্য: [nycare.nyc](https://nycare.nyc.gov)
- স্বাস্থ্য বিমা: on.nyc.gov/3V5ba9N
- মেডিকেইড/মেডিকেয়ার: on.nyc.gov/437ZvsU

সেবা নিন



- LGBTQIA+ স্বাস্থ্যসেবা এবং লিঙ্গ নিশ্চিতকরণ সেবা: on.nyc.gov/lgbtq
- যৌন ও প্রজনন সেবা
 - গর্ভপাতের সুবিধা সংক্রান্ত হাব (Abortion Access Hub): nyc.gov/abortion
 - Doula সেবা: on.nyc.gov/doula
 - যৌন স্বাস্থ্য ক্লিনিক: on.nyc.gov/sexualhealth
- মানসিক স্বাস্থ্য বিষয়ক তথ্য: on.nyc.gov/3JhbUBC
- NYC Health + Hospitals: on.nyc.gov/46hLskI
- মহল্লার স্বাস্থ্য পরিষেবা: on.nyc.gov/47bkzQ3
- টিকাদান ক্লিনিক: on.nyc.gov/47A8IRQ
- মদ্যপান এবং অন্যান্য নেশা জাতীয় দ্রব্য সেবনজনিত সমস্যা মোকাবিলা বিষয়ক পরিষেবা/ক্ষতি হ্রাসকরণ পরিষেবা: on.nyc.gov/3PJQd1J
- জনস্বাস্থ্য এ্যাকশন কিট (Public health action kits): on.nyc.gov/3TaiBdv

আয় সহায়তা



- নিউ ইয়র্ক সিটির সুযোগ-সুবিধা: access.nyc.gov
- নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য সেবা: on.nyc.gov/healthmap
- খাবার প্যাম্প্রি / সুপ রান্নাঘর: on.nyc.gov/3v0AJhl
- খাদ্য সহায়তা – SNAP সুবিধা: nyc.gov/SNAP
- Fair Fares – ছাড়কৃত মূল্যে মেট্রো কার্ড: nyc.gov/fairfares
- মহিলা, বাচ্চা এবং শিশু – Access NY: nyc.gov/wic

আপনার স্বাস্থ্যসেবা অধিকার



- 2003 সালের স্থানীয় আইন 37-এর অধীনে ভাষা সুবিধা: on.nyc.gov/3wMzT8Y
 - আপনার ভাষায় প্রাপ্ত সেবাসমূহ: on.nyc.gov/3T9vYdB
- হাসপাতাল-সংক্রান্ত অধিকার আইন: on.nyc.gov/3IsFkfS
- যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবা-সংক্রান্ত অধিকার আইন: on.nyc.gov/srj
- মাসিকের সময় ব্যবহার্য পণ্য প্রাপ্তির ক্ষেত্রে সমতা বিষয়ক আইন: on.nyc.gov/3vPy4rc
- আমেরিকান প্রতিবন্ধী অধিকার আইন নোটিশ: on.nyc.gov/3xIW2vf



এটি স্বাস্থ্য এবং প্রজনন ন্যায্যবিচার-সংক্রান্ত নিউ ইয়র্ক সিটির সকল কর্মসূচি, পরিষেবা বা তথ্য ও যোগাযোগের সম্পূর্ণ একটি তালিকা নয়।

আপনি কি অন্য কিছু খুঁজছেন?

311 নম্বরে ফোন করুন এবং স্বাস্থ্য-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সম্পর্কে জিজ্ঞাসা করুন বা portal.311.nyc.gov দেখুন।